

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.১৮৩.২০১৩-০৭৫

তারিখ : ২৬ এপ্রিল, ২০১৬

বিষয় : বরগুনা জেলার আমতলী উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়ি মেরামত।

সূত্র : উপজেলা পরিষদ, আমতলী, বরগুনা-এর স্মারক নং-উ:জে:প:কা/আম-২০; তারিখ: ১৩ এপ্রিল, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ২৪/০৪/২০০৫ তারিখের স্থাসবি/উপ-১/গাড়ী-(২)-২/৯৯/৯৩(৪৭২) নং স্মারকের পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের ক-ঢ ক্রমিকে বর্ণিত তথ্যাদি, গাড়িটির মেরামতের ব্যয়-ভার পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হলে তা পরিষদের মাসিক সভায় উপস্থাপনপূর্বক প্রস্তাবিত ব্যয় নির্বাহের সুপারিশ এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হালনাগাদ ব্যাংক স্থিতির প্রমাণপত্রসহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজাদি সংযোজন করে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১ (এক) পাতা।

J.M.
23/08/2016
(ড. জুলিয়া মর্গন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আমতলী, বরগুনা।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, বরগুনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।